# পরিকল্পনা

**<u>ফসলের হেক্টর প্রতি গড় ফলন বৃদ্ধির জন্য আগামী ৫ বছরে নিম্নলিখিত কার্যক্রম অনুসরনীয়।</u>**

- সুষম মাত্রায় রাসায়নিক সার ব্যবহার, জমির উর্বরতা সংরক্ষণে জৈব সার (ভার্মি কম্পোষ্ট) এবং সবুজ সার ব্যবহার সকল কৃষকদের মাঝে নিশ্চিত করা হবে। নিরাপদ ফসল (সেফ ফুড) উৎপাদনের জন্য কুমড়া জাতীয় সবজি ফসলের পোকামাকড় দমনের ক্ষেত্রে সেক্স ফেরোমেন ফাঁদের ব্যবহার নিশ্চিতকরণ।
- ধান, গম ও ভূট্টার উচ্চ ফলনশীল জাত এবং প্রত্যায়িত বীজ কৃষকদের মাঝে নিশ্চিতকরণ।
- কুষ্টিয়া জেলায় জিকে প্রকল্পের আওতায় অধিকাংশ জমি হওয়ায় প্রকল্প কর্তৃক পানি সরবরাহ অব্যাহত রাখা।
- ডাল জাতীয় ফসলের বিশেষ করে (মসুর, খেসারী, মাসকলাই, মুগ) রোগ প্রতিরোধ ও উচ্চ ফলনশীল জাত এবং উন্নত বীজ সরবরাহ অব্যাহত রাখা।
- পুষ্টি সরবরাহ নিশ্চিতকরনে সবজি ও ফল উৎপাদনের ক্ষেত্রে উচ্চ ফলনশীল জাত এবং নিরাপদ সবজি ও ফল উৎপাদনের ক্ষেত্রে সেক্স ফেরোমেন ট্র্যাপ এবং উন্নত চাষ ব্যবস্থাপনা অব্যাহত রাখা।
- সরিষার ফলন বৃদ্ধির জন্য উন্নত জাতসহ সরিষা ক্ষেতে মৌ বাক্স স্থাপননের মাধ্যমে মধু উৎপাদন কার্যক্রম এবং সরিষার ফলন বৃদ্ধির কার্যকর ব্যবস্থা গ্রহণ করা।
- এনএটিপি প্রকল্পের মাধ্যমে কৃষক সংগঠন গড়ে তোলা ও আয় বৃদ্ধিসহ ফসলের ফলন বৃদ্ধির লক্ষ্যে নিরাপদ ফসল উৎপাদন কার্যক্রম চালু রাখা।
- কৃষি শ্রমিকের অপ্রতুলতার কারণে ফসল বপন, রোপন, কর্তন এবং সংগ্রহের ক্ষেত্রে কৃষি যন্ত্রপাতি কৃষকদের মাঝে ভর্তূকীর মাধ্যমে কৃষি যন্ত্রপাতি বিতরন অব্যাহত রাখা।
- ফসলের ফলন বৃদ্ধিসহ নিরাপদ সবজি ও ফল উৎপাদন করার মাধ্যমে পুষ্টির চাহিদা পূরণ করতে উল্লেখিত কার্যক্রম চালু রাখতে নিম্নলিখিত প্রকল্পগুলো অব্যাহত থাকবে।

  ১। চাষী পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাটবীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প (২য় পর্যায়)।

  ২। কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প (৩য় পর্যায়)।

  ৩। ন্যাশনাল এগ্রিকালচারাল প্রজেক্ট (ফেজ-II)।

  ৪। রাজস্ব খাতের অর্থায়নে প্রদর্শনী স্থাপন।

  ৫। সমন্বিত বালাই ব্যবস্থাপনা (আইপিএম) কৌশলের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন প্রকল্প।

  ৬। IFMC

  ৭। খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্প-(২য় পর্যায়)।